

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নম্বর- ১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৭.৩৫৫

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক গৃহীতব্য ১৬শ বিজেএস পরীক্ষা, ২০২৩-এর লিখিত পরীক্ষায় বিশেষ পরিদর্শক হিসেবে ০৭ (সাত) জন বিচার বিভাগীয় কর্মকর্তা-কে দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং ১জে-১৩/২০২৩-৪৩৬২ জে, তারিখ : ১৭/০৫/২০২৩, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক গৃহীতব্য বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস ১৬শ বিজেএস পরীক্ষা, ২০২৩-এর লিখিত পরীক্ষা আগামী ২১/০৫/২০২৩ তারিখ রবিবার হতে ৩১/০৫/২০২৩ তারিখ বুধবার (২৬/০৫/২০২৩ তারিখ শুক্রবার ব্যতীত) প্রত্যহ অপরাহ্ন ২:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৫:০০ ঘটিকা পর্যন্ত সিদ্ধেশ্বরী গার্লস কলেজ ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০-এ ০১টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে উক্ত লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ তথা পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে নিয়মিত পরিদর্শকগণের পাশাপাশি বিশেষ পরিদর্শক হিসেবে নিম্নবর্ণিত ০৭ (সাত) জন বিচার বিভাগীয় কর্মকর্তা-কে মনোনয়ন প্রদানসহ ০১ ও ০৭ নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তাগণকে পরীক্ষা চলাকালে পরীক্ষা সংক্রান্ত অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No V of 1898)-এর Section-190 এর sub-section (1) অনুযায়ী আমলে নেয়া ও সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের জন্য ম্যাজিস্ট্রেটরিয়াল দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করা হলো:

ক্রমিক	নাম	পদবি ও বর্তমান কর্মস্থল	মন্তব্য	পরীক্ষার তারিখ
১.	জনাব মোহাম্মদ নুরুল হুদা চৌধুরী	মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা	বিশেষ পরিদর্শক (সংক্ষিপ্ত বিচারের ক্ষমতাসহ)	আগামী ২১/০৫/২০২৩ হতে ২৫/০৫/২০২৩ পর্যন্ত
২.	জনাব শেখ সাদী রহমান	সিনিয়র আইন গবেষণা কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ), আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা	বিশেষ পরিদর্শক	
৩.	জনাব ইমরান আহমেদ	সহকারী পরিচালক (সহকারী জজ), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা	বিশেষ পরিদর্শক	
৪.	জনাব মোঃ আশিকুজ্জামান	উপপরিচালক (যুগ্ম জেলা জজ), দুর্নীতি দমন কমিশন, ঢাকা	বিশেষ পরিদর্শক	আগামী ২৭/০৫/২০২৩ হতে
৫.	বেগম কায়ছুরাহার সুরমা	স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা সিটি কর্পোরেশন	বিশেষ পরিদর্শক	৩১/০৫/২০২৩ পর্যন্ত
৬.	জনাব মোঃ শহীদুল ইসলাম চৌধুরী	সহকারী পরিচালক (সিনিয়র সহকারী জজ), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা	বিশেষ পরিদর্শক	
৭.	জনাব মোহাম্মদ শেখ সাদী	মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা	বিশেষ পরিদর্শক (সংক্ষিপ্ত বিচারের ক্ষমতাসহ)	

২। মনোনীত কর্মকর্তাগণকে যথাযথভাবে অর্পিত দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। বর্ণিত কর্মকর্তাগণ পরিদর্শকগণের জন্য নির্ধারিত সম্মানী/পারিতোষিক প্রাপ্ত হবেন।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।



১৭/০৫/২০২৩
(মোর্শেদ আল মামুন ডুইয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৪১২।

নম্বর- ১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৭.৩৫৫/১(১৫)

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৭ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্টার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
- ৩। মহাপরিচালক (আইন), দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
- ৪। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
- ৫। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা।
- ৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৯। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
- ১০। জনাব/বেগম.....।
- ১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ নং-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ১৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৪। গার্ড ফাইল।
- ১৫। অফিস কপি।


১৭ মে ২০২৩

(মোর্শেদ আল মামুন ভূঁইয়া)
সিনিয়র সহকারী সচিব